প্রথম আলো

FEB. 9 2001

তারিখ

পৃষ্ঠা ১ কলাম ৪

# চট্টগ্রামে বোর্ডের নকল পাঠ্যপুস্তক পাওয়া যাচ্ছে

**একরামুল হক বুলবুল,** *চট্টগ্রাম*

বেক্সিমকোর সীমাহীন ব্যর্থতার সুযোগে এক শ্রেণীর প্রকাশক মাধ্যমিক স্কুলের পাঠ্যবই নকল করে বাজারে ছেড়েছে। ফলে চট্টগ্রাম অঞ্চলে আগের মতো আর বই সংকট নেই। নোয়াখালীর চৌমুহনী থেকে নোট বইয়ের আড়ালে নকল পাঠ্যবই চট্টগ্রামে সরবরাহ করা হচ্ছে বলে স্থানীয় কয়েকজন বই ব্যবসায়ী জানান।

স্থানীয় ব্যবসায়ীরা জানান, চট্টগ্রামের বইপাড়া বলে খ্যাত আন্দরকিল্লায় নকল পাঠ্যবইয়ের প্রথম চালান আসে গত ৪ ফেব্রুয়ারি। নোয়াখালীর চৌমুহনীতে ১৪টি

এরপর পৃষ্ঠা ১ কলাম ৮

## চট্টগ্রামে নকল পুস্তক

প্রথম পৃষ্ঠার পর

বিষয়ের পাঠ্যবই নকল করে ছাপা হয়েছে। নোট বইয়ের আড়ালে চৌমুহনী থেকে দফায় দফায় নকল পাঠ্যবই চট্টগ্রাম অঞ্চলে সরবরাহ করা হচ্ছে।

আন্দরকিল্লার একজন বই ব্যবসায়ী নাম প্রকাশ না করার শর্তে গতকাল প্রথম আলোকে জানান, বেক্সিমকোর চেয়ে নকল বইয়ের গুণগতমান অনেক উন্নত। উন্নতমানের কাগজ আর বাঁধাইও চমৎকার। হঠাৎ করে নকল বইয়ের সরবরাহ বেড়ে যাওয়ায় চট্টগ্রাম অঞ্চলে ষষ্ঠ থেকে নবম শ্রেণীর প্রায় ৬ লাখ শিক্ষার্থীর মধ্যে ৭০ শতাংশের কাছে বই পৌঁছে গেছে বলে ব্যবসায়ীরা ধারণা করছেন।

চৌমুহনীর দুটি প্রকাশনা শিল্প এবং একটি ঠিকানাবিহীন প্রতিষ্ঠান নকল বই সরবরাহ করছে বলে জানা গেছে। প্রকাশনা শিল্পগুলোর একটি চৌমুহনীর স্টেশন রোডে এবং অপরটি ব্যাংক রোডে অবস্থিত।